

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আল্লাহ্র রাসুল (সঃ) কি কিছু ভুলতেন? যা ভুলে যেতেন, তা কি আল্লাহ্র পক্ষ থেকে বিধান জারি করার জন্য নয়?

আল্লাহ্র রাসুল (সঃ) ভুলতেন, তাঁর নামাজ ভুল হতো, কুরআন পড়তে গিয়ে আয়াত ছুটে যেতো। আর এটা বিধান জারি করারা জন্য নয়। বরং মানব-মনের সাধারণ প্রকৃতির কারণেই তিনি ভুলতেন। তিনি বলেছেন, "আমি তোমাদেরই মত একজন মানুষ। আমিও ভুলে যাই, যেমন তোমরা ভুলে যাও। সুতরাং আমি ভুলে গেলে তোমরা আমাকে মনে করিয়ে দিও।৩৯ অবশ্য সে ভুলের কারণেও বিধান জারি হতো এবং উম্মাতের শিক্ষা হতো। ৪০

ফুটনোট

৩৯ (বুখারী ৪০১, মুসলিম ৫৭২ নং) । ৪০ (আলবানী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=37

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন